

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪০.২২.০০১.২২.৪৩১

তারিখ: ১০ আষাঢ় ১৪২৯
২৫ জুলাই ২০২২

বিষয়: স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের Management Information System (MIS) এর আওতায় দেশের সকল মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের Central Student Portal System এ রেজিস্ট্রেশনকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ

সূত্র: সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ০৫/০৭/২০২২ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, দেশের সরকারি ও বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের কেন্দ্রীয়ভাবে কোনো অনলাইন রেজিস্ট্রেশন নেই বিধায় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের MIS এ Central Student Portal System চালুর উদ্যোগ নেয়া হয়েছে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত ওয়েব পোর্টালের মাধ্যমে এ সিস্টেমে মেডিকেল/ডেন্টাল কলেজের শিক্ষার্থীদের কেন্দ্রীয়ভাবে রেজিস্ট্রেশন প্রদান করা হবে। এ ওয়েব রেজিস্ট্রেশনের ভিত্তিতে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) শিক্ষার্থী নিবন্ধন সম্পন্ন করবে। এ সিস্টেমে সংশ্লিষ্ট মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় এবং বিএমএন্ডডিসির জন্য পৃথক পৃথক ড্যাসবোর্ড থাকবে যেখানে এ সকল প্রতিষ্ঠানকে প্রবেশের জন্য Login ID ও Password প্রদান করা হবে।


০২। বর্ণিত বিষয়ে গত ০৫/০৭/২০২২ খ্রি. তারিখে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

- ক. দেশের সকল মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের Central Student Portal System এ রেজিস্ট্রেশনের সর্বসম্মত সিদ্ধান্ত হয়;
- খ. ২০২১-২২ শিক্ষাবর্ষ হতে Central Student Portal System এ ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরু করতে হবে। দেশি শিক্ষার্থী, বিদেশি শিক্ষার্থী ও অসম্বল ও দরিদ্র কোটায় প্রতিটি ক্যাটাগরির শিক্ষার্থী ভর্তির সময়সীমা উত্তীর্ণ হওয়ার ০৭ কার্য দিবসের মধ্যে উক্ত সিস্টেমে শিক্ষার্থী রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে;
- গ. সফটওয়্যারটি সম্পূর্ণভাবে প্রস্তুত হলে এর ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ প্রস্তুতকারী প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে ন্যস্ত করতে হবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত একজন কর্মকর্তা এ সফটওয়্যারটির এডমিনের দায়িত্ব পালন করবেন। সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের কিছু জনবলকে প্রশিক্ষিত করতে হবে;
- ঘ. বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) এবং বিশ্ববিদ্যালয়সমূহ ২০২১-২২ শিক্ষাবর্ষ থেকেই এ সিস্টেমের আলোকে শিক্ষার্থী রেজিস্ট্রেশন শুরু করবে; এবং
- ঙ. প্রস্তাবিত সফটওয়্যারের সিকুরিটি সিস্টেম নিশ্চিত করতে হবে।

০৩। উল্লিখিত সভার সিদ্ধান্তসমূহ মাননীয় মন্ত্রী কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০৪। এমতাবস্থায়, বর্ণিত সভার সিদ্ধান্ত এবং মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদনক্রমে ২০২১-২২ শিক্ষাবর্ষ হতে Central Student Portal System এ ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী ০৩ (তিন) পাতা



(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব

ফোন নং-৯৫৪০৭৩০

e-mail: me1@mefwd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

নং-৫৯.০০.০০০০.১৪০.২২.০০১.২২.৪৩১

তারিখ: ১০ আষাঢ় ১৪২৯
২৫ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/ সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট/শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা
- ০২। সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএডডিসি), ঢাকা
- ০৩। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ০৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ০৬। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ০৭। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ


২৫/০৭/২২
(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব